মেহেরপুরে পেন কালচারের মাধ্যমে সমাজ ভিত্তিক মাছ চাষ কার্যক্রমের উদ্বোধন

ভৈরদ নদে গোভীপুর অংশে পেন কালচারের মাধ্যমে সমাজ ভিত্তিক মাছ চাষ কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে।

শনিবার (২২ জুলাই) সকালে মেহেরপুর জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মাছের পোনা উপমুক্ত করে পেন কালচারের মাধ্যমে সমাজ ভিত্তিক মাছ চাষ কার্যক্রমের উদ্বোধন করেন।

এসময় মেহেরপুর অতিরিক্ত জেলা প্রশাসক লিউজা-উল জান্নাহ, জেলা মৎস্য কর্মকর্তা রোকনুজ্জামান, সদর উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা মো জাকির হোসেনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

পেন কালচারের মাধ্যমে সমাজ ভিত্তিক মাছ চাষ কার্যক্রমে ভৈরব নদের গোভীপুর থানার ঘাট ব্রিজ থেকে গোভীপুর মাদ্রাসা পযন্ত পরীক্ষামূলকভাবে সমিতির মাধ্যমে মাছ চাষ করা হবে। নেটিং পদ্ধতির এই মাছ চাষে ভৈরব নদের কচুরিপানা পরিষ্কার করা থেকে শুরু করে সমস্ত ব্যায়ভার সমিতি করবে। এক্ষেত্রে সরকারকে কোন রাজস্ব দিতে হবে না।পরীক্ষামূলকভাবে এই অংশে যদি সুফল বয়ে আনে তাহলে ভৈরব নদের পুরো অংশে একই পদ্ধতিতে মাছ চাষ করা হবে বলে জানানো হয়।

মেহেরপুর জেলা প্রশাসন ও মৎস্য অধিদপ্তরের উদ্যোগ ভৈরব নদে পেন কালচারের মাধ্যমে সমাজ ভিত্তিক মাছ চাষ কার্যক্রমের উদ্বোধন করা হয়।